



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

10 December 2025

7:35 AM IST

বর্তমান সরকার প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীণ প্রকল্পের অধীনে দেড় লক্ষ টাকা করে প্রদান করেছে এবং পূর্বতন সরকার এই প্রকল্পের অধীনে স্বল্প পরিমানের অর্থ প্রদান করেছিল। মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তু বিশ্ব শর্মা গতকাল প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীণের অধীনে ৩ লক্ষেরও অধিক হিতাধিকারির মধ্যে ঘরের অনুমোদন পত্র বিতরণের রাজ্য পর্যায়ের কেন্দ্রীয় অনুষ্ঠানের উদ্বোধন করে একথা বলেন। কামৰূপ জেলার বকো গান্ধী ময়দান সমন্বয় ক্ষেত্রে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন যে সরকার রাজ্যের দরিদ্র, মধ্যবিত্ত, নিম্ন মধ্য বিত্ত শ্রেণীর উন্নতির জন্য কাজ করছে। বর্তমানে যোগ্য লোকেরাই সরকারী প্রকল্পের মাধ্যমে লাভবান হওয়ার সুযোগ পাচ্ছেন বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে বিগত সরকারের আমলে শুধুমাত্র, নেতা-মন্ত্রী ও তাদের আত্মীয় স্বজনদের মধ্যেই এই প্রকল্পের সুবিধা আবদ্ধ ছিল।

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল হাইলাকান্দির রবীন্দ্র ভবন প্রেক্ষাগৃহে উন্নত আবাস সমৃদ্ধ জীবন শীর্ষক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আবাস

যোজনা কার্যসূচীর অধীনে হাইলাকান্দি এবং আলগাপুর-কাটলিছড়া বিধানসভা কেন্দ্রের হিতাধিকারীদের মধ্যে ঘরের অনুমোদন পত্র প্রদান করা হয়েছে। জেলা আয়ুক্ত অভিষেক জৈনের পৌরহিত্যে আয়োজিত সভায় তিন বিধায়ক জাকির হোসেন লস্কর, নিজাম উদ্দিন চৌধুরী ও সুজাম উদ্দিন লস্কর, জেলা পরিষদ সভানেত্রী ফাতেমা বেগম চৌধুরী, রাজ্য বিজেপির সহ-সভানেত্রী মুন স্বর্নকার প্রমুখ উপস্থিত ছিলেন। হাইলাকান্দি জেলায় ২২ হাজার ৯শ ৪৪টি পরিবারকে গৃহের অনুমোদন পত্র দেওয়া হয়েছে।

এ বিষয়ে এক হিতাধিকারী আমাদের প্রতিনিধির সঙ্গে কথা বলতে গিয়ে জানান ----- বাইট

রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য ২ হাজার ৪৭ সালের মধ্যে ভারতকে একটি উন্নত রাষ্ট্র হিসেবে গড়ে তোলার দায়িত্ব দেশের নব প্রজন্মের ওপর নির্ভর করছে বলে মন্তব্য করেছেন। গতকাল কটন বিশ্ববিদ্যালয়ের চতুর্থ সমাবর্তন অনুষ্ঠানে অংশ গ্রহণ করে রাজ্যপাল ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে ভাষণ দেবার সময় এই মন্তব্য করেন। এই সমাবর্তন অনুষ্ঠানে ২ হাজার ৮শো ৪ জনকে পি এইচ ডি, স্নাতক, স্নাতকোত্তর এবং ডিপ্লোমার প্রমাণপত্র প্রদান করা হয়। এছাড়াও শৈক্ষিক উৎকর্ষতার জন্য ১শো ২৫ জনকে স্বর্ণ পদক প্রদান করা হয়। উল্লেখ্য গতকালের সমাবর্তনে জনতার শিল্পী জুবিন গার্গকে মরণোত্তর ডি-লিট উপাধি প্রদান করা হয়।

অনুষ্ঠানে অংশ গ্রহণ করে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তুবিশ্ব শর্মা বলেন যে ১৯শো ৮৫ সালে আসাম আন্দোলনের পর আসাম চুক্তি সাক্ষরিত হয়েছিল। এর

পর রাজ্যবাসী যদিও আসামকে নিয়ে ইতিবাচক মনোভাব গ্রহণ করেছিলেন কিন্তু বিভিন্ন উগ্রপন্থী সমস্যা তথা গুপ্তহত্যার মত ঘটনা সমূহ সামাজিক পরিস্থিতি দুর্বল করে তুলেছিল । তবে বর্তমানে এই ধরনের পরিস্থিতি অতিক্রম করে রাজ্যের নতুন উন্নয়নের পথ প্রসস্তু হয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । রাজ্যে বর্তমানে ২৫টির বেশী বিশ্ববিদ্যালয় , ১৫টির অধিক চিকিৎসা মহাবিদ্যালয় , ২০টির বেশী ইঞ্জিনিয়ারিং কলেজ তথা অন্যান্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের মাধ্যমে ছাত্র-ছাত্রীরা প্রয়োজনীয় সব ধরনের সুযোগ সুবিধা লাভ করছে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । ডক্টর শর্মা বলেন যে রাজ্যে শিল্পায়নের নতুন পরিবেশ সৃষ্টি হয়েছে । কোন ধরনের দুর্নীতি ছাড়াই যোগ্য প্রার্থীরা চাকরি লাভ করছে বলেও মুখ্যমন্ত্রী মন্তব্য করেন ।

শিলচর রেল স্টেশনের নাম পরিবর্তন করে ভাষা শহীদ স্টেশন করার ক্ষেত্রে বর্তমান কেন্দ্র ও রাজ্য সরকারের কোন আপত্তি নেই । তারপরও এ ক্ষেত্রে কার আপত্তিতে দীর্ঘ দিনের এই গণদাবী উপেক্ষিত হয়েছে রয়েছে বলে সাংসদ কনাদ পুরকায়স্থ প্রশ্ন উত্থাপন করেন । গতকাল রাজ্যসভায় প্রশ্নোত্তর পর্বে শিলচর রেল স্টেশনের নাম পরিবর্তন করে ভাষা শহীদ স্টেশন করার দাবীর সমর্থনে বক্তব্য রাখতে গিয়ে সাংসদ শ্রীপুরকায়স্থ এমনই মন্তব্য করেন ।

সাংসদ শ্রীপুরকায়স্থ আরো জানান ----- বাইট

শ্রীভূমি জেলা দূর্যোগ মোকাবিলা বিভাগের উদ্যোগে শ্রীভূমি জেলার পাথারকান্দি, নিলামবাজার, শ্রীভূমি সদর ও রামকৃষ্ণ নগর রাজস্ব চক্রে ৪ থেকে ২৪শে ডিসেম্বর পর্যন্ত দূর্যোগ ব্যবস্থাপনার মকড়িল অনুষ্ঠিত হচ্ছে ।

আজ ও আগামীকাল ও আগামীকাল ও আগামী শুক্রবার বদরপুর রাজস্ব চক্রের শাহ বদর উদ্দিন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ,আগামী ১৬, ১৭ ও ১৮ই ডিসেম্বর নিলামবাজার রাজস্ব চক্রের গুনময়ী গালস এইচ এস স্কুলে , ১৭ , ১৮ ও ১৯শে ডিসেম্বর শ্রীভূমি সদর রাজস্ব চক্রের কেন্দ্রীয় বিদ্যালয়ে এবং ২২, ২৩ ও ২৪শে ডিসেম্বর রামকৃষ্ণনগর রাজস্ব চক্রের রামকৃষ্ণ বিদ্যাপীঠ এইচ এস স্কুলে অনুরূপ মকড্রিল অনুষ্ঠিত হবে ।
